

তারিখঃ ২৪-১০-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ২৬-১০-২০২০ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় ময়মনসিংহ জেলা ফুটবল এসোসিয়েশন কর্তৃক 'অ-১৮ বালক ফুটবল খেলোয়াড়দের দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ ক্যাম্প' এর উদ্বোধনী অনুষ্ঠিত হবে। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে বাফুফে'র সহ-সভাপতি ও ডেভেলপমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব আতাউর রহমান ভূঁইয়া (মানিক) প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এছাড়াও বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর টেকনিক্যাল ডাইরেক্টর Mr. Paul Thomas Smalley অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকতে ইচ্ছুক সাংবাদিকবৃন্দের জন্য ময়মনসিংহে যাতায়াতের সুব্যবস্থা বাফুফে কর্তৃক করা হয়েছে। ময়মনসিংহ গমনে আগ্রহী সাংবাদিকবৃন্দকে আগামীকাল ২৫-১০-২০২০ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে বাফুফে'র হেড অব মিডিয়া, জনাব আহসান আহমেদ অমিত (মোবাঃ ০১৭১১ ৩৯২৪২৯, ইমেইলঃ amithbff3@gmail.com) অথবা এক্সিকিউটিভ-মিডিয়া জনাব খালিদ মাহমুদ নওমী (মোবাঃ ০১৬৭০২৪৪২১০, ইমেইলঃ khalid26bff@gmail.com) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।



আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।